

এই আসা-যাওয়ার খেয়ার কুলে আমার বাড়ি ।
 কেউ বা আসে এ পারে, কেউ পারে ঘাটে দেয় রে পাড়ি ॥
 পথিকেরা বাঁশি ভ'রে যে সুর আনে সঙ্গে ক'রে
 তাই যে আমার দিবানিশি সকল পরান লয় রে কাড়ি ॥
 কার কথা যে জানায় তারা জানি নে তা,
 হেথা হতে কী নিয়ে বা যায় রে সেথা ।
 সুরের সাথে মিশিয়ে বাণী দুই পারে এই কানাকানি,
 তাই শুনে যে উদাস হিয়া চায় রে যেতে বাসা ছাড়ি ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail